

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.২৭.০০২.২১.৩২

তারিখ: ২৮ মাঘ ১৪২৭

১১ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: সিলেট জেলার বিশ্বনাথ উপজেলার লতিফিয়া ইরশাদিয়া দাখিল মাদ্রাসায় বৈধভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের এমপিওভুক্তকরণের জন্য উক্ত মাদ্রাসার সুপারের অনুরোধ পত্র।
সূত্র: সুপার/সম্পাদক, লতিফিয়া ইরশাদিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা-বিশ্বনাথ, জেলা-সিলেট এর নিকট হতে প্রাপ্ত আবেদন।

উপর্যুক্ত বিষয়ে সিলেট জেলার বিশ্বনাথ উপজেলার লতিফিয়া ইরশাদিয়া দাখিল মাদ্রাসায় বৈধভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের এমপিওভুক্তকরণের জন্য উক্ত মাদ্রাসার সুপার/সম্পাদক এ বিভাগে আবেদন পত্র দাখিল করেছেন।

০২. আবেদনপত্রে জানানো হয়েছে যে, সিলেট জেলার বিশ্বনাথ উপজেলার লতিফিয়া ইরশাদিয়া দাখিল মাদ্রাসাটি ২৩.১০.২০১৯ সালে এমপিওভুক্ত হয়। উক্ত মাদ্রাসায় ১৩.০৩.২০০২ তারিখের নিয়োগপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীগণ এমপিওভুক্ত হতে পারেনি। এমপিওভুক্ত হতে না পেরে শিক্ষক-কর্মচারীগণ মানবেতন জীবন যাপন করছেন। মাদ্রাসার ০৩(তিন) জন শিক্ষকের এমপিওভুক্তির বিষয়ে নির্দেশনার জন্য আঞ্চলিক উপপরিচালকের কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট হতে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে গত ১৯.০৮.২০২০ তারিখে পত্র দেয়া হয়েছে।

০৩. এমতাবস্থায়, আঞ্চলিক উপপরিচালক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট এর ১৯.০৮.২০২০ তারিখের ২৯৯ সংখ্যক পত্রের পরিপ্রেক্ষিতে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর হতে গৃহীত কার্যক্রম সম্পর্কে আগামী ১৬.০২.২০২১ তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৮ পাতা।

১১-২-২০২১

সৈয়দ আসগর আলী
সহকারী সচিব

মহাপরিচালক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর গার্লস গাইস
হাউস (৭ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.২৭.০০২.২১.৩২/১

তারিখ: ২৮ মাঘ ১৪২৭

১১ ফেব্রুয়ারি ২০২১


সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩) অতিরিক্ত সচিব(মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৪) অফিস কপি।



১১-২-২০২১

সৈয়দ আসগর আলী

সহকারী সচিব